দুর্গাপূজা উপলক্ষে ঢাকেশ্বরী মন্দির পরিদর্শন প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস মঙ্গলবার ঢাকেশ্বরী জাতীয় মন্দির পরিদর্শন করেন। তিনি দুর্গাপূজার প্রস্তুতি ও পূজামণ্ডপের অবস্থার খোঁজ নেন। গতকাল রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বিভিন্ন পূজা উদযাপন পরিষদের নেতাদের সঙ্গে বৈঠকে তিনি এই পরিদর্শনের আমন্ত্রণ পান।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) সকালে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে যান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। প্রধান উপদেষ্টার সিনিয়র সহকারী প্রেস সচিব ফয়েজ আহম্মদ এই পরিদর্শনের তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে, সোমবার (১৫ সেপ্টেম্বর) বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন দেশের বিভিন্ন পূজা উদযাপন পরিষদের নেতারা। ওই বৈঠকে তারা প্রধান উপদেষ্টাকে মন্দির পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান।

বৈঠকে প্রধান উপদেষ্টা বলেন, “আপনাদের সঙ্গে সবসময় দেখা করার ইচ্ছা থাকলেও সময় মেলেনা। পূজা উপলক্ষে বছরে একবার সামনাসামনি দেখা হওয়া এবং কথা বলার সুযোগ হয়।” তিনি দুর্গাপূজার প্রস্তুতি ও সার্বিক পরিস্থিতি সম্পর্কে খোঁজ নেন।

হিন্দু ধর্মীয় নেতারা জানান, গত বছরের তুলনায় এবছর এক হাজারের বেশি পূজামণ্ডপ বৃদ্ধি পেয়েছে এবং সারা দেশে পূজামণ্ডপ নির্মাণের কাজ দ্রুত এগোচ্ছে।